

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 30.10.2024**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) আবাস যোজনা প্রকল্প থেকে বাদ পড়া উপভোক্তাদের তথ্য রাজ্য সরকার ফের যাচাইয়ের নির্দেশ দিয়েছে। যোগ্য প্রাপকদেরকেই পর্যায়ক্রমে আবাস প্লাস প্রকল্পের অন্তর্ভুক্ত করা হবে বলে মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা আলাপান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।
- ২) আবাস যোজনা নিয়ে জেলায় জেলায় আজও বিক্ষোভ অব্যাহত।
- ৩) রাজ্যের ৬ টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা আজ শেষ হয়েছে। ১৩ ই নভেম্বর ভোটগ্রহণ।
- ৪) আর জি করের নির্যাতিতার জন্য ন্যায়বিচারের দাবিতে চিকিৎসকদের একাংশ আজ রাজ্য মেডিকেল কাউন্সিল থেকে সিজিও কমপ্লেক্স অভিযানে অংশ নিয়েছেন।
- ৫) আগামীকাল কালিপুজো ও দীপাবলী। আলোকমালায় সেজে উঠেছে শহর থেকে গ্রাম।
- ৬) আইএসএল ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট আজ হায়দ্রাবাদ এফসির মুখোমুখি হয়েছে।

আবাস যোজনা প্রকল্প থেকে যে সব উপতোক্তার নাম প্রাথমিকভাবে বাদ পড়েছে রাজ্য সরকার তাদের বিস্তারিত তথ্য পুনরায় যাচাই করার নির্দেশ দিয়েছে। মুখ্য সচিব মনোজ পন্থ আজ নবান্নে, চলতি আবাস যোজনা প্রকল্পের সমীক্ষার কাজ নিয়ে পঞ্চায়েত ও সংশ্লিষ্ট দণ্ডের আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠক করেন। প্রকল্পের সুবিধা থেকে ন্যায্য প্রাপকরা যাতে কোনোভাবেই বঞ্চিত না হন, তা সুনিশ্চিত করতে হবে বলে আধিকারিকদের তিনি নির্দেশ দিয়েছেন। নবান্ন সূত্রে জানা গিয়েছে, এই নিয়ে যে কোনরকম বিভাসি এড়ানোর ওপরেও জোর দিয়েছেন মুখ্য সচিব।

---

এদিকে, রাজ্য সরকার, যোগ্য প্রাপকদেরকেই পর্যায়ক্রমে আবাস প্লাস প্রকল্পের অন্তর্ভুক্ত করবে বলে মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা আলাপান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। আজ নবান্নে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, রাজ্য জুড়ে আবাস সমীক্ষার কাজ শুরু হয়েছে। যোগ্য প্রাপকদের তালিকাভুক্তি এবং যাদের ইতোমধ্যেই পাকা বাড়ি রয়েছে, তাদের নাম তালিকা থেকে বাদ দেওয়াই এর উদ্দেশ্য। এই সমীক্ষা নিয়ে বিভাসি ছড়াচ্ছে বলে তিনি জানান।

### বাইট আলাপন

কেন্দ্রীয় সরকার টাকা না দেওয়ায় রাজ্য সরকার নিজেরাই কর্মশ্রী প্রকল্প রূপায়ন করছে বলেও তিনি জানান। ৪৩ লক্ষ গ্রামীণ শ্রমিক এর ফলে উপকৃত হয়েছেন। তৈরি হয়েছে মোট ২৩ কোটি শ্রম দিবস। গড়ে বার্ষিক ৫৪ দিন শ্রমিকরা কাজ পেয়েছেন বলেও আলাপন বাবু জানিয়েছেন। পাশাপাশি পথশ্রী প্রকল্পের আওতায় রাজ্য সরকার নিজেরাই ২৫ হাজার কিলোমিটার গ্রামীণ সড়ক তৈরি করেছে।

সাম্প্রতিক ঘূর্ণিঝড় দানার প্রভাবে ক্ষতিগ্রস্ত কৃষকরা উপযুক্ত ক্ষতিপূরণ পাবেন বলেও মুখ্য উপদেষ্টা জানিয়েছেন। এই লক্ষ্যে ৩০ শে নভেম্বর পর্যন্ত বাংলার শস্য বীমা প্রকল্পে নাম নথিভুক্তির কাজ চলছে। এর জন্য কৃষকদের কোনো প্রিমিয়াম দিতে হবে না।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যের আবাস সমীক্ষার সমালোচনা করেছেন। আজ তিনি বলেন, সমীক্ষায় বেছে বেছে ন্যায্য প্রাপকদের বাদ দেওয়া হচ্ছে।

### বাইট

বরিষ্ঠ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, ত্বরণ কংগ্রেস নেতাকর্মীরা আবাস যোজনার নামে লুঠপাট চালাচ্ছেন।

### বাইট

---

আবাস যোজনা নিয়ে আজও জেলায় জেলায় বিক্ষোভ অব্যাহত।

বীরভূমের তারাপীঠ থানার অন্তর্গত সাহাপুর ও বুধি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন গ্রামের প্রায় দেড়শো পরিবারের আবাস যোজনার তালিকায় নাম না থাকায় আজ রামপুরহাট ২ নম্বর বিডিও অফিসে বিক্ষোভ দেখান তারা। এরপর বিডিও তাদের আশ্বাস দিলে বিক্ষোভ উঠে যায়।

পুরাণিয়া ১ নম্বর ব্লক অফিসের মূল গেট লাগিয়েও মহিলারা আজ বিক্ষোভে শামিল হন। দুপুর থেকেই মূল গেট বন্ধ রেখে ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিকের অফিস ঘেরাও করে বিক্ষোভ দেখান মহিলারা। তাদের অভিযোগ, দরিদ্র, যোগ্য

প্রাপকদের বথনা করা হচ্ছে বার বার। পঞ্চায়েত, ব্লক অফিসে আবাস যোজনার বাড়ির জন্য আবেদন জানালেও বাড়ি মেলেনি। নতুন যে তালিকা প্রকাশ হয়েছে, তাতে বহু যোগ্য প্রাপকেরই নাম নেই।

অন্যদিকে, জেলার ১ নং ব্লকের লাগদা গ্রাম পঞ্চায়েতেও আজ স্থানীয়রা বিক্ষেত্র দেখিয়েছেন।

উল্লেখ্য, এই প্রকল্পে কেন্দ্র বকেয়া অর্থ না মেটানোয় রাজ্য নিজের তহবিল থেকে প্রায় সাড়ে ১১ লক্ষ উপভোক্তাকে টাকা দিতে সমীক্ষার কাজ শুরু করে। আজ তা' শেষ হচ্ছে।

---

রাজ্যের ৬২টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা আজই শেষ হয়েছে।  
সিতাই, মাদারিহাট, নৈহাটি, হাড়োয়া, মেদিনীপুর ও তালডাংরা আসনে ৬২টি মনোনয়ন জমা পড়ে। সেগুলি পরীক্ষার পর প্রতিদ্বন্দ্বিতার আসরে আছেন ৪৩ জন। ভোট নেওয়া হবে ১৩ ই নভেম্বর।

এদিকে, বিধানসভা উপনির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য কেন্দ্রীয় বাহিনীকে সর্বতোভাবে ব্যবহার করতে হবে, তা নিয়ে কোনোরকম অভিযোগ বরদাস্ত করা হবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার গতকাল এক বিশেষ ভিত্তিও কনফারেন্সে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবকে এই মর্মে বার্তা দেন।

---

সংশোধিত ও নতুন সচিত্র ভোটার তালিকার খসড়া আগামী বছর ৬ই জানুয়ারির সরকারিভাবে ঘোষণা করা হবে। এই সিদ্ধান্তের কথা জাতীয় নির্বাচন কমিশনের তরফে সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে জানিয়ে দেওয়া হয়েছে। চলতি মাসের ২৫শে ডিসেম্বরের আগে খসড়া তৈরির কাজ সম্পূর্ণ করতে নির্দেশ দেওয়া হয়েছে।

আগামী ১২ই নভেম্বর থেকে রাজ্য জুড়ে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হতে চলেছে। ডিসেম্বরের মাঝামাঝি পর্যন্ত এই কাজ চলবে।

---

আর জি করের নির্যাতিতার জন্য ন্যায়বিচারের দাবিতে চিকিৎসকরা আজ সিজিও কমপ্লেক্স অভিযানে অংশ নিয়েছেন। হাতে মশাল নিয়ে রাজ্য রাজ্য মেডিকেল কাউন্সিল থেকে এদিন মিছিল শুরু হয়। অংশ নিয়েছেন সিনিয়ার জুনিয়ার ডাক্তাররা ছাড়াও অসংখ্য সাধারণ মানুষ।

এদিকে, পাল্টা মিছিল করছেন নব গঠিত জুনিয়ার ডক্টরস অ্যাসোসিয়েশনের সদস্যরাও। এদের বিরুদ্ধে মেডিকেল কলেজগুলিতে হৃষ্টি সংস্কৃতি চালানোর অভিযোগ করেছেন ওয়েস্টবেঙ্গল জুনিয়ার ফ্রন্টের সদস্যরা।

---

নদীয়ার কল্যাণী থানার কাঁচরাপাড়া রেল সেতুর নীচে এক গৃহবধূকে গণধর্ষণের অভিযোগে ৮ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। জানা গেছে, আজ ভোরে স্বামীর সঙ্গে রেলসেতুর নীচ দিয়ে যাওয়ার সময় ঐ বধূকে গণধর্ষণ করা হয়। কল্যাণী থানায় অভিযোগ জানানো হলে একে একে ৮ জনকে গ্রেপ্তার করে পুলিশ। তদন্তে ফরেন্সিক বিশেষজ্ঞদের সাহায্য নেওয়া হচ্ছে। নির্যাতিতার মেডিকেল পরীক্ষা করা হয়েছে বলে

রানাঘাট পুলিশ জেলার অতিরিক্ত সুপার সিদ্ধার্থ ধাপোলা জানিয়েছেন। ধৃতেদের মধ্যে চার জনকে আজ আদালতে তোলা হলে তাদের ১৪ দিনের জেল হেফাজত হয়েছে।

---

বর্ধমানের বিজয় গ্রামে বন্ধুর সঙ্গে ঘুরতে বেরিয়ে গণধর্ষণের শিকার হয়েছে এক তরুণী। জানা গেছে, বছর ২০-র ঐ মেয়েটি গতসন্ধ্যায় বন্ধুর সঙ্গে ঘুরতে বেরোলে রাত ৯ টা নাগাদ জনা পাঁচেক যুবক তাদের পথ আটকায়। সঙ্গে থাকা টাকা পয়সা ও মোবাইল কেড়ে নিয়ে তরুণীকে ধর্ষণ করে। রাতে থানায় অভিযোগ দায়েরের পর মূল অভিযুক্ত শেখ সোলেমান সহ পাঁচজনকে গ্রেপ্তার করা হয়। ধৃত রোহিত মির্জা, শেখ সিরাজ, শেখ হাসগর এবং মহম্মদ আরিফ এলাকারই বাসিন্দা। এদিন ম্যাজিস্ট্রেটের কাছে গোপন জবানবন্দী দিয়েছেন তরুণী এবং তার বন্ধু। আজ তাদের আদালতে তোলা হলে সাত দিনের পুলিশ হেফাজত হয়েছে।

---

উত্তর ২৪ পরগনার বারাসাতের বাদুবাজার কাঞ্চনতলা এলাকায় আজ দুপুরে একটি তেলের কারখানায় অগ্নিকাণ্ডে একজনের মৃত্যু হয়েছে। ২ জনের অবস্থা আশঙ্কাজনক। দমকল সূত্রে জানা যায়, বেলা ১টা ৫০ মিনিট নাগাদ এই আগুন লাগে।

---

আগামীকাল কালিপুজো ও দীপাবলী। আলোকমালায় সেজে উঠেছে শহর থেকে গ্রাম। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

এদিকে, আজ ভুত চতুর্দশী। কালিপুজো ও দীপাবলীর আগে এই চতুর্দশী তিথিতে ঘরে ঘরে আজ চোদ্দ শাক খাওয়া হয়। সন্ধ্যায় পূর্ব পুরুষদের উদ্দেশ্যে জ্বালানো হবে ১৪ প্রদীপ।

নিষিদ্ধ শব্দবাজি বিক্রির দায়ে কলকাতায় এপর্যন্ত ৩৫ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ৩ হাজার ৯৩৫ কেজি বাজি বাজেয়াপ্ত করা হয়েছে।

---

কালি পুজো উপলক্ষ্যে কলকাতা মেট্রো আগামীকাল বিশেষ ট্রেন চালাবে। কবি সুভাষ ও দক্ষিণেশ্বর দুই প্রান্ত থেকেই এই বিশেষ ট্রেন পরিষেবা দেওয়া হবে বলে মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন।

### বাইট

এদিক, রেলের টিকিট বুকিং-এর সময়সীমা ১২০ দিনের পরিবর্তে ৬০ দিন হচ্ছে। মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন।

---

দক্ষিণবঙ্গে আপাতত ভারি বৃষ্টির সম্ভাবনা নেই বলে আবহাওয়া দণ্ডের জানিয়েছে। তবে বিক্ষিপ্তভাবে কোথাও কোথাও হাঙ্কা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। দক্ষিণবঙ্গে প্রধানত শুষ্ক আবহাওয়া থাকবে। উর্ধ্বমুখী থাকবে তাপমাত্রাও। আলিপুর আবহাওয়া দণ্ডের অধিকর্তা হবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন,

### বাইট

---

হায়দ্রাবাদের গাছিবড়লি স্টেডিয়ামে আজ সন্ধ্যায় আইএসএল ফুটবলের ম্যাচে  
মোহনবাগান সুপারজায়ান্ট , হায়দ্রাবাদ এফসির মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবরে  
জানা গেছে খেলা গোলশূন্য রয়েছে।

---

কল্যানীতে আজ কর্নেল সি কে নাইডু ট্রফি ক্রিকেটে বাংলা ও রেলওয়েজের মধ্যে  
খেলাটি অমীমাংসিত ভাবে শেষ হয়েছে। এই ম্যাচে বাংলা ৬ পয়েন্ট পেয়েছে। ৩ ম্যাচে  
বাংলার পয়েন্ট ২৩। খেলার সংক্ষিপ্ত স্কোর রেল ১৯৯ ও ৭ উইকেটে ১৭১ ডিক্লেয়ার।  
বাংলা ১৫১ ও ২ উইকেটে ৬৯।

---